



# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

সূত্রঃ মাভাবিপ্রবি/এল.এস.অনু./পিএইচ.ডি/ভ.বি./২০১৮

তারিখঃ ১০ বৈশাখ ১৪২৬

২৩ এপ্রিল ২০১৯

## লাইফ সায়েন্স অনুষদ

(ইএসআরএম/এফটিএনএস/বিজিই/বিএমবি বিভাগ)

### ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের লাইফ সায়েন্স অনুষদের অধীনে ইএসআরএম/এফটিএনএস/বিজিই/বিএমবি বিভাগে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তিচ্ছুক প্রার্থীদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

#### পিএইচ.ডি. প্রোগ্রামে আবেদনের ন্যূনতম যোগ্যতাঃ

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তাবলী পূরন করতে হবে।ঃ

- ১। ক) এম.ফিল ডিগ্রী; অথবা  
খ) এমএস/এমএসসি ডিগ্রী (থিসিস); অথবা  
গ) এমএস/এমএসসি ডিগ্রী (নন-থিসিস) এবং কোনো স্বীকৃত মানের গবেষণা প্রতিষ্ঠান/কোম্পানী হতে দুই বছরের সক্রিয় গবেষণার অভিজ্ঞতা।  
ঘ) ক, খ ও গ - এ বর্ণিত সকল প্রার্থীর স্বীকৃত মানের (Peer-reviewed) জার্নালে কমপক্ষে একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।
- ২। ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা  
খ) অনার্স ও মাস্টার্স পর্যায়ে কলেজ/বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/স্বীকৃত মানের গবেষণা প্রতিষ্ঠানের (সরকারী/স্বায়ত্বশাসিত) গবেষকদের দুই বছরের গবেষণার অভিজ্ঞতাসহ স্বীকৃত মানের (Peer-reviewed) জার্নালে কমপক্ষে ১টি প্রকাশনা থাকতে হবে।  
গ) সকল প্রার্থীর এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ (ন্যূনতম ৫০% নম্বরসহ) অথবা জিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.৫ থাকতে হবে। অনার্স ও মাস্টার্স/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০ স্কেলে সিজিপিএ ন্যূনতম ৩.০০ অথবা সনাতন পদ্ধতিতে পাসকৃত প্রার্থীর ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে।

#### প্রয়োজনীয় তথ্যাদিঃ

- ০১। অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.mbstu.ac.bd](http://www.mbstu.ac.bd) অথবা সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তির আবেদন পত্র সংগ্রহ করা যাবে।
- ০২। আবেদন ফরম এর সাথে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ এ ৫০০/= (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ০৩। আবেদন ফরম এর সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি ও সকল পরীক্ষার পাশের সনদপত্র, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৪। শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে।
- ০৫। চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং ০২ (দুই) বছর শিক্ষাছুটি প্রদান করা হবে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ০৬। প্রার্থী ইতোপূর্বে কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির সময় উক্ত ভর্তি বাতিলের প্রমাণপত্র জমা দিতে হবে।
- ০৭। প্রার্থীদের ১৯-০৬-২০১৯ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

রেজিস্ট্রার  
মাভাবিপ্রবি  
(প্রয়োজনেঃ ০৯২১-৬২৪০১)

২৬.৪৪.১৯